

2017

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) সপ্তাহের কোন্ বারে 'জ্ঞানতরঙ্গিণী সভা'র অধিবেশন আয়োজিত হত ?
- (খ) “কর্তা বোধ করি এখনো বাড়ীর ভেতর থেকে বেরোননি। (উচ্চস্বরে) ওরে বোদে।” এই ‘বোদে’র প্রকৃত নাম কী ?
- (গ) “ও মা, ছি! ইংরিজী পড়লে কি লোক এত বেহায়া হয় গো।” কার উক্তি ?
- (ঘ) “একে কি কেউ খেলা বলে? তুই আমার টেক্কার উপর বিবি দিলি।” নবকুমারদের বাড়ির অন্দরমহলের মহিলারা কোন্ ‘খেলা’ খেলছিল ?
- (ঙ) ‘শ্রীমদ্ভাগবদ্গীতা’ উচ্চারণ করতে কালীনাথ কী উচ্চারণ করেছিল ?

- (চ) প্রতাপাদিত্যের পিতার নাম কী ?
- (ছ) “পরম্পরায় শুনা গেল, সেনাপতি মশাইয়ের ঘরে চোর পড়েছিল।” ‘সেনাপতি মশাই’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (জ) ধনঞ্জয় বৈরাগীর নিবাস কোথায় ছিল ?
- (ঝ) “আজ রাতে আমি রামচন্দ্রের ছিন্ন মুণ্ড দেখতে চাই।” প্রতাপাদিত্য কাকে রামচন্দ্রকে হত্যার আদেশ দিয়েছিলেন ?
- (ঞ) রামমোহন বিহার জন্য কী উপহার এনেছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) কালীনাথের পরম বৈষ্ণব খুড়োর নাম কী ? তিনি কোথায় মৃত্যুবরণ করেছিলেন ?
- (খ) নবকুমার ও কালীনাথের আগমনের দেরি দেখে ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশনের চেয়ারম্যান হিসেবে কার নাম প্রস্তাব করা হয়েছিল ? কে প্রস্তাব করেছিলেন ?
- (গ) “অন্তঃপুরের প্রহরীদের এখনই ডেকে নিয়ে এসো। অন্তঃপুরের পাহারায় কে কে ছিল ?” প্রতাপাদিত্যের অন্তঃপুরের দুই প্রহরীর নাম লেখো।
- (ঘ) “আমাদের মহারাজের ভয়ে যম কাঁপে, কিন্তু গুঁর ভয়ডর নেই। যাতে তাঁরই উপরে সব রাগ পড়ে তিনি ইচ্ছে করেই যেন তার জোগাড় করছেন।” বক্তা কে ? কার সম্বন্ধে এ কথা বলা হয়েছে ?
- (ঙ) পিতৃরাজ্য পরিত্যাগ করে উদয়াদিত্য কোন্ স্থানে যাত্রা করেছিলেন ? কে তাঁর সঙ্গী হয়েছিলেন ?

- ৩। ‘ক’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং ‘খ’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের ‘সারজন’ চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) ‘একেই কি বলে সভ্যতা’র দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্ক অবলম্বনে নবকুমারদের বাড়ির অন্দরমহলে রঙ্গ-রসিকতার যে সুনিপুণ পরিচয় ফুটে উঠেছে তার বর্ণনা দাও।
- (গ) ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশন দৃশ্যটি আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) প্রতাপাদিত্য জামাতা রামচন্দ্রকে হত্যা করতে চেয়েছিলেন কেন? রামচন্দ্র কীভাবে প্রাণ রক্ষা করতে সমর্থ হয়েছিলেন তা আলোচনা করো।
- (খ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে রামমোহন মালের চরিত্র বিশ্লেষণ করো।
- (গ) “আর এই আমাদের রাজা। ওকে রাজা বলতে চাই, বন্ধু বলে ফেলি।” কে এই উক্তি করেছিলেন? কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছিল? বক্তা তাঁকে ‘রাজা’ বলতে গিয়ে ‘বন্ধু’ বলে ফেলেন কেন? সংক্ষেপে আলোচনা করো।

- ৪। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) “‘একেই কি বলে সভ্যতা’ মাত্র এক দিনের ঘটনা লইয়া লিখিত হইয়াছে।” সমালোচকের এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- (খ) “‘একেই কি বলে সভ্যতা’র মধ্যে সমগ্র ‘ইয়ং বেঙ্গল’ সমাজ মাইকেলের বর্ণনীয় বিষয়।” সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে এই প্রহসনে প্রতিফলিত সমাজচিত্রের আলোচনা করো।
- (গ) “আজ কি কুলগ্রেই বাড়ী থেকে বেরয়েছিলেন।” ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের বৈষ্ণব বাবাজির দুরবস্থার কথা ব্যক্ত করো।
- (ঘ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটিতে হাস্যরস সৃষ্টিতে লেখকের পারদর্শিতার পরিচয় দাও।

খ—গুচ্ছ

- (ক) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের উদয়াদিত্য ও বিভার আখ্যানের মাধ্যমে ভাই-বোনের সম্বন্ধের যে পরিচয় উদ্ভাসিত হয়ে উঠেছে তা আলোচনা করো।
- (খ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (গ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের বসন্ত রায় চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঘ) “নিষ্ঠুর পশুশক্তির সহিত মানুষের অহিংস আত্মিক শক্তির দ্বন্দ্ব হইতেই আলোচ্য নাটকের প্রাণবন্ত গড়িয়া উঠিয়াছে।” ‘প্রায়শ্চিত্ত’ নাটক সম্বন্ধে সমালোচকের এই মন্তব্যের আলোকে নাটকটির আখ্যানভাগ বিশ্লেষণ করো।
